ইত্তেফাক

তারিখ ... 29.5.84 ...
পৃষ্ঠা... ... ... কলাম... ... ...

084

# উপ-সচিবদের মর্যাদা সংরক্ষণের উদ্যোগ

উপ-সচিবদের পদ মর্যাদা সংরক্ষণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের উদ্দেশ্যে গত শনিবার বাংলাদেশ সরকারের উপ-সচিবদের এক সভায় একটি সমিতি গঠনের লক্ষ্যে একটি এডহক নির্বাহী কমিটি গঠন করা

(৮ম পৃঃ ৮-এর কঃ দ্রঃ)

## উপ-সচিবদের মর্যাদা

(১ম পৃঃ পর)

হইয়াছে।

এক প্রেসবিজ্ঞপ্তিতে বলা হয়, দুই বৎসর পূর্বে যথাযোগ্য কর্তৃপক্ষের পর্যালোচনার পর উপ-সচিবদের স্কেল ২১০০-২৬০০/ টাকা পুনর্নির্ধারণ করা হইয়াছিল। কিন্তু কোন এক অজ্ঞাত কারণে অদ্যাবধি তাহা বাস্তবায়িত না হওয়ায় সভায় উদ্বেগ প্রকাশ করা হয়। উক্ত স্কেল বাস্তবায়ন না করায় উপ-সচিবরা উৎসাহ হারাইয়া ফেলিয়াছেন এবং তাঁহাদের দক্ষতার ক্ষেত্রে উহার বিরূপ প্রতিক্রিয়া দেখা দিয়াছে বলিয়া সভায় মত প্রকাশ করা হয়। সভায় বিষয়টি সরকারের গোচরীভূত করা এবং অনতিবিলম্বে তাহা বাস্তবায়নের ব্যাপারে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য এডহক কমিটিকে ক্ষমতা দেওয়া হয়।